

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৬৫১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - আযান

আরবী

وَعَنْ أَبِي بَكْرَةَ قَالَ: خَرَجْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِصَلَاةِ الصُّبْحِ فَكَانَ لَا يَمُرُّ بِرَجُلٍ إِلَّا نَادَاهُ بِالصَّلَاةِ أَوْ حَرَّكَهُ بِرَجْلِهِ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৬৫১-[১১] আবু বকরাহ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ফাজরের (ফজরের) সালাতের জন্য বের হলাম। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যার নিকট দিয়েই যেতেন, তাকে সালাতের জন্য আহ্বান করতেন অথবা নিজের পা দিয়ে তাকে নেড়ে দিয়ে যেতেন। (আবু দাউদ)[১]

ফুটনোট

[1] য'ঈফ : আবু দাউদ ১২৬৪। কারণ এর সানাদে আবুল ফায়ল আল্ আনসারী নামে একজন মাজহুল বা অপরিচিত রাবী রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা ঘুমন্ত ব্যক্তিকে সালাতের জন্য জাগ্রত করা বা পা নাড়িয়ে উঠানোর প্রতি উৎসাহ দেয়া হয়েছে। কারো পা ধরে নাড়িয়ে ঘুম থেকে জাগানো মাকরুহ নয়।

হাদিসের মান: য'ঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55208>